পুলিশকে নিরপেক্ষ ও পেশাদার আচরণের নির্দেশ প্রধান উপদেষ্টার



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে দেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নিরপেক্ষতা ও সর্বোচ্চ পেশাদারিত্ব বজায় রাখার নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, “এই নির্বাচন নতুন বাংলাদেশ গঠনের ভিত্তি স্থাপন করবে; ইতিহাসে এটি একটি স্বতন্ত্র উদাহরণ হয়ে থাকবে।”

বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) সকালে প্রধান উপদেষ্টার কার্যালয়ে দেশের ৬৪ জেলার পুলিশ সুপারসহ উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এই নির্দেশনা দেন।

প্রফেসর ইউনূস বলেন, নির্বাচনী চ্যালেঞ্জ মোকাবিলায় পুলিশকে মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। “কাপুরুষের মতো পিছিয়ে থাকার সুযোগ নেই; শহীদদের স্বপ্ন বাস্তবায়নে সবার দায়িত্ব রয়েছে,” উল্লেখ করেন তিনি। পাশাপাশি আসন্ন নির্বাচনে সতর্কতা, নিরপেক্ষতা ও পেশাদারিত্বের মান বজায় রেখে দায়িত্ব পালনের আহ্বান জানান।

নির্বাচন ও আসন্ন গণভোটকে তিনি দেশের জন্য একটি “ঐতিহাসিক সুযোগ” হিসেবে উল্লেখ করে বলেন, “নির্বাচন হলো সমাজ নির্মাণের একটি বিল্ডিং কোড তৈরির প্রক্রিয়া। এই গণভোট কেবল পাঁচ বছরের মেয়াদের সরকার বেছে নেওয়া নয়—এটি আরও বড়, আরও গভীর অর্থবহ।”

প্রধান উপদেষ্টা আরও বলেন, অন্তর্বর্তী সরকার এমন একটি নির্বাচনী ও গণভোট কাঠামো তৈরি করছে যা আগামী শত বছর দেশের উন্নয়নের ভিত্তি হিসেবে কাজ করবে।